

# পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

পিএসডি সার্কুলার লেটার নং : ০৮/২০১৫

তারিখঃ ১৮ আগস্ট, ২০১৫  
০৩ ভাদ্র, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক  
সকল মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রদানকারী ব্যাংক/সাবসিডিয়ারীসমূহ

প্রিয় মহোদয়,

**মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস সংশ্লিষ্ট সকল হিসাবের KYC-তে প্রদত্ত তথ্যের সাথে মোবাইল সিম এর নিবন্ধন তথ্যাবলী নির্ভুলকরণ এবং অপরাধমূলক লেনদেনের ঝুঁকি হ্রাসকল্পে কার্যক্রম গ্রহণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে ০২/০৮/২০১৫ তারিখে জারিকৃত পিএসডি সার্কুলার লেটার নং -০৭/২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বর্ণিত সার্কুলার লেটারের নির্দেশনাবলী পরিপালনের ক্ষেত্রে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার এবং তদসংশ্লিষ্ট এজেন্টদের কারিগরী ও অবকাঠামোগত সক্ষমতার বিষয়টি বিবেচনা করে নিম্নলিখিতভাবে প্রতিস্থাপন করা হলো :

১. গ্রাহকের কেওয়াইসি (KYC)-তে প্রদত্ত তথ্যের সাথে সংশ্লিষ্ট সিমের নিবন্ধন তথ্যাবলী একই রকম এবং নির্ভুল করার লক্ষ্যে সকল গ্রাহকের মাধ্যমে তাদের মোবাইল সিম Re-registration/Registration করার উদ্যোগ গ্রহণ করতে হবে।
২. গ্রাহকগণের দ্বারা Re-registration/Registration সম্পাদনান্তে এর প্রমানকের হার্ড/সফটকপি আপনাদের এজেন্টের মাধ্যমে সংগ্রহ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। পরবর্তী সময়ে মোবাইল নেটওয়ার্ক অপারেটরদের তথ্য ভাভারে প্রবেশাধিকার প্রাপ্তি সাপেক্ষে তা যাচাই এর উদ্যোগ গ্রহণ করতে হবে।
৩. গ্রাহকদের সিম Re-registration/Registration সফল করার লক্ষ্যে এ বিষয়ে প্রয়োজনীয় প্রচারণা কার্যক্রম গ্রহণের জন্য আপনাদের অনুরোধ জানানো যাচ্ছে।
৪. ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বা তদুর্ধ্ব অংকের প্রতিটি Cash-in এবং Cash-out সম্পাদনকালে সেবাদানকারী এজেন্ট কর্তৃক গ্রাহকের ছবি উত্তোলনের বিষয়টি আপাততঃ স্থগিত রাখা হলো।

এ বিষয়ে আপনাদের কর্তৃক গৃহীত ব্যবস্থাদি আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখের মধ্যে এবং পরবর্তীতে মাসিক ভিত্তিতে এ বিষয়ক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের (প্রতি মাসের বিবরণী পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে) জন্য আপনাদিগকে অনুরোধ জানানো যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

  
(কে,এম, আব্দুল ওয়াদুদ)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৩০১৭৪